

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম (বাউরেস)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

নং-বাউরেস/৫৮৪(৮৭)/২০২০

তারিখ : ২৪/১২/২০২০

Prof. Mohammad Kamruj Jaman Bhuiyan
Department of Agricultural and Applied Statistics
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ-২২০২

প্রিয় মহোদয়,

আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাউরেস-এ দাখিলকৃত আপনার “The knowledge, attitudes and practices (KAP) study among pregnant women regarding antenatal care breast feeding, IFA supplementation to assess the present status of rural women about anemia at Gouripur Upazila, Mymensingh” (Project No 2021/1074/BAU) “ শিরোনামের গবেষণা প্রকল্পটি মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে পরিচালনার নিমিত্তে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গবেষণা তহবিল এর বাজেট থেকে বরাদ্দ দেয়া হলো।

- প্রকল্পটি পরিচালনা করতে আপনি সন্মত রয়েছেন কিনা এবং সংযুক্ত ছক অনুযায়ী একটি বাজেট ব্রেক-আপসহ (প্রকল্প প্রস্তাব মোতাবেক) সন্মতিপত্র আগামী ৭(সাত) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- প্রকল্পের কার্যক্রম ০১/০৭/২০২১ তারিখ থেকে কার্যকর সাপেক্ষে শুরু হবে এবং ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে প্রকল্পের আর্থিক কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- প্রতিটি গবেষণা প্রকল্পের শুরুতে Inception Seminar এর আয়োজন করা হবে সেমিনারের মতামত প্রতিফলন করে প্রকল্প শুরুর পূর্বেই সংশোধিত গবেষণা প্রস্তাব দাখিল করতে হবে।
- প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার তারিখ থেকে ১(এক) মাসের মধ্যে Achievement সম্পর্কিত Executive Summary এবং প্রকল্পের প্রকৃত খরচের (বছর ওয়ারী) বিবরণী ১৫(পনের) কপি জমা দিতে হবে।
- বার্ষিক কর্মশালায় বাউরেস এর নির্ধারিত ছকে বার্ষিক/চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন করতে হবে।
- অনুষদীয় Monitoring & Evaluation Team প্রতি বছরে অন্তত ২(দুই) বার আপনার প্রকল্পের কার্যক্রম তদারকি/মূল্যায়ন করবেন। প্রকল্পের কার্যক্রমের উপর Monitoring & Evaluation Team এর Report Poor হলে উক্ত সময়ের সম্মানীভাতা প্রদান করা হবে না এবং প্রকল্পের কার্যক্রম বন্ধ করে দেয়া হবে।
- প্রকল্পের কার্যক্রম Monitoring & Evaluation করার জন্য উক্ত Team এর সদস্যদের সম্মানীভাতা হিসেবে টা. ৪৮,০০/- (টা. চার হাজার আটশত মাত্র) সহ প্রকল্পের বার্ষিক বাজেট সর্বোমোট ৪,০০,০০০/- (চার লক্ষ টাকা) মাত্র এর মধ্যে বরাদ্দ রাখতে হবে।
- বাউরেস এর বার্ষিক গবেষণা অগ্রগতি কর্মশালায় প্রকল্পের ফলাফল উপস্থাপন ও রিপোর্ট প্রদান সাপেক্ষে প্রধান গবেষককে বার্ষিক সর্বোচ্চ টাঃ ৫০,০০০/- (টাকা পঞ্চাশ হাজার) এবং সহযোগী প্রধান গবেষককে বার্ষিক সর্বোচ্চ টাঃ ৩০,০০০/- (টাকা ত্রিশ হাজার) সম্মানীভাতা পাবেন। বার্ষিক বাজেটে উক্ত সম্মানীভাতা বরাদ্দ রাখতে হবে।
- কোন শিক্ষক বিশেষ কারণে একই সঙ্গে দুইটি প্রকল্পের (বিএইউ) সাথে সংশ্লিষ্ট থাকলে তিনি শুধুমাত্র একটি প্রকল্প থেকে সম্মানীভাতা প্রাপ্ত হবেন।
- বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক শ্রমিক/কর্মচারী নিয়োজিত করতে হবে।
- প্রকল্পের প্রধান গবেষক শিক্ষাছুটি/লিয়েন /প্রেষণে / অন্যান্য কারণে দেশে অথবা বিদেশে অবস্থান করলে সর্বোচ্চ ৬ (ছয়) মাসের জন্য অন্য কাউকে প্রধান গবেষক এর দায়িত্ব দেয়া যেতে পারে। উক্ত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি আনুপাতিক হারে সম্মানীভাতা পাবেন। তবে ৬ (ছয়) মাসের মধ্যে প্রধান গবেষক প্রকল্পটির দায়িত্ব গ্রহণ না করলে প্রকল্পটি বন্ধ হয়ে যাবে।
- প্রকল্পের সকল কার্যক্রম ও বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী সম্পন্ন করতে হবে এবং বাউরেস কর্তৃক প্রচারিত বিজ্ঞপ্তিসমূহ অনুসরণ করতে হবে।
- গবেষণা প্রকল্পে নিয়োজিত দক্ষ, শিক্ষিত, ও সাধারণ শ্রমিকদের মজুরীর হার বিশ্ববিদ্যালয়ের প্রচলিত মজুরীর হারের ন্যায় থাকবে।
- গবেষণা প্রকল্পে একজন এমএস/পিএইচডি রিসার্চ ফেলো বাউরেস কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত নিয়মে নিয়োগ দিতে হবে।
- প্রকল্পে যদি বা বিক্রয়লব্ধ অর্থ পাওয়া যায় তা বাউরেস শাখায় সেল প্রসিড একাউন্টে জমা দিতে হবে।
- প্রকল্পের বাজেট, ক্যাশ বই, চেক ও স্টক রেজিস্টার এবং বিল ভাউচার প্রয়োজনীয় সময়ে অডিট টিমের নিকট উপস্থাপনের নিমিত্তে সংরক্ষণ করতে হবে।
- গবেষণা প্রকল্পের ফলাফল থেকে স্বীকৃত Peer Reviewed Journal এ প্রকাশ করতে হবে এবং প্রকাশিত আর্টিকেল এর ১ কপি বাউরেস এ জমা দিতে হবে। উল্লেখ্য জার্নালটির Impact Factors (Thomson Reuters) থাকলে সংশ্লিষ্ট প্রধান গবেষককে প্রযোজ্য ক্ষেত্রে প্রকাশনা ব্যয় বাবদ সর্বোচ্চ ১০০ ইউএস ডলার সমপরিমাণ অর্থ প্রদান করা হবে। এছাড়া প্রকল্প থেকে উদ্ভাবিত কৃষি প্রযুক্তি (যদি থাকে) ত্রৈমাসিক কৃষি প্রযুক্তি বার্তায় প্রকাশের নিমিত্তে বাউরেস এ জমা দিতে হবে।

আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত,





পরিচালক, বাউরেস